জেলা শাসকের করণ, বীরভূম
জেলা শিশু সুরক্ষা ইউনিট, বীরভূম

# বাল্যবিবাহ, শিশুশ্রম, শিশু পাচার এবং কিশোরী গর্ভাবস্থা সম্পর্কিত সুরক্ষা সংক্রান্ত বিষয়ে জেলা স্তরের পর্যালোচনা সভা

৫ই ডিসেম্বর ২০২৪, দুপুর ২ টা
বীরভূম জেলা শাসক কার্যালয়ের সভাকক্ষ, সিউড়ি, বীরভূম

## সম্মিলিত জাতিপুঞ্জের শিশুর অধিকার সম্পর্কিত সনদ (UNCRC) কি?

**সম্মিলিত জাতিপুঞ্জের শিশুর অধিকার সম্পর্কিত সনদে ১৯৮৯ সালে বিশ্বের ১৯৩ টি দেশের প্রতিনিধিরা স্বাক্ষর করে একটি শিশু অর্থাৎ ১৮ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য কিছু মানবিক অধিকারকে চিহ্নিত করে৷ ভারতবর্ষ এই চুক্তিপত্রে ১৯৯২ সালে স্বাক্ষর করে এর নির্দেশাবলী আমাদের দেশেও লাগু করে।**

## UNCRC- তে লিখিত অধিকারগুলি কি কি?

**UNCRC পরস্পর সম্পর্কযুক্ত ও নির্ভরশীল চার ধরনের অধিকারের ওপর গুরুত্ব দিয়েছে-**

বেঁচে থাকার অধিকার

বিকাশের অধিকার

সুরক্ষিত থাকার অধিকার

অংশগ্রহনের অধিকার



# বেঁচে থাকার অধিকার


- সুস্থভাবে জন্মগ্রহন করা
- নাম ও পরিচয় পাওয়া
- যত্ন পাওয়া
- পুষ্টিকর খাদ্য পাওয়া
- জামাকাপড় পাওয়া
- দরকারে চিকিৎসার সুবিধা পাওয়া
- পোলিও ও অন্যান্য টীকা পাওয়া
- পরিবার পাওয়া
- বাসস্থান পাওয়া






## বিকাশের অধিকার


- শিক্ষার অধিকার
- খেলাধুলার অধিকার
- আমোদপ্রমোদ করার অধিকার
- সুন্দর পরিবেশে বড় হওয়ার অধিকার
- কোনও বিষয়ে জানা / তথ্য পাওয়ার অধিকার
- নিজের কথা গোপন রাখার অধিকার
- নিজের ইচ্ছামত ধর্ম পালনের অধিকার




# সুরক্ষার অধিকার

- যে কোনও অত্যাচার, নির্যাতন ও অবহেলা থেকে রক্ষা করা
- মারধোর খাওয়া, শাস্তি পাওয়া, থেকে রক্ষা করা
- গালাগালি শোনা থেকে রক্ষা করা
- অল্পবয়সে বিয়ে (বাল্য  বিবাহ) থেকে রক্ষা করা
- পড়াশোনা না করিয়ে শিশু শ্রম থেকে রক্ষা করা
- শিশু পাচার থেকে রক্ষা করা
- যৌন অত্যাচার থেকে রক্ষা করা
- বেআইনি বা শোষণমূলক কাজে শিশুদের ব্যবহার না করা
- যুদ্ধকালীন পরিস্থিতি তে সুরক্ষিত রাখা
- বন্যা বা প্রাকৃতিক বিপর্যয় এর সময় সুরক্ষিত রাখা

# অংশগ্রহনের অধিকার




- অংশগ্রহনের সুযোগ দেওয়া
- অন্যদের থেকে সম্মান পাওয়া
- নিজের মতামত প্রকাশ করা
- কোনও কাজে বা অনুষ্ঠানে যোগদান করা

## বাল্য বিবাহের সংজ্ঞা ?

বাল্য বিবাহ হল এমন একটি বিবাহ যেখানে মেয়েদের বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার আগে বা ছেলেদের বয়স ২১ বছর পূর্ণ হওয়ার আগে বিবাহ সম্পন্ন হয়। এটি আইনত নিষিদ্ধ, কারণ এটি শিশুদের শারীরিক এবং মানসিক বিকাশের জন্য মারাত্মক ক্ষতিকর হয়। বাল্য বিবাহের ফলে শিশুদের শিক্ষা, স্বাস্থ্য এবং ভবিষ্যতের উপর নেতিবাচক প্রভাব পড়ে, যা তাদের মৌলিক মানবাধিকারের লঙ্ঘন করে। তাই এর বিরুদ্ধে সচেতনতা এবং প্রতিরোধের প্রচেষ্টা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## বাল্য বিবাহ নিষিদ্ধকরণ আইন, ২০০৬

এই আইনানুসারে বাল্যবিবাহ মানে এমন একটি বিবাহ যেখানে পাত্র অথবা পাত্রী অপ্রাপ্ত বয়স্ক। মানে ছেলেদের ক্ষেত্রে বয়স ২১ পেরোয় নি এবং মেয়েদের ক্ষেত্রে বয়স ১৮ বছর বয়স পেরোয় নি। এটি একটি বিশেষ আইন [SPECIAL ACT], এই আইনানুসারে একটি বাল্যবিবাহ বাতিল [Null and Void] বলে ঘোষিত হয় এবং এটি শাস্তি যোগ্য অপরাধ। যিনি জেনে শুনে বাল্যবিবাহের সঙ্গে কোনো না কোনো ভাবে যুক্ত এই আইনে সে সব ব্যক্তিগণ, শিশুর বাবা মা, অভিভাবক বা অন্য কেউ যার হেফাজতে শিশুটি রয়েছে এবং কোন প্রতিষ্ঠানের কেউ, ডেকোরেটরস, কাট্যারার, ফটোগ্রাফার, বিবাহ অনুষ্ঠান ভবন কর্তৃপক্ষ , আমন্ত্রণপত্র ছাপাখানা কর্তৃপক্ষ শাস্তি পাবে। যেমন যে বাল্য বিয়ে করছে, বিবাহ করাচ্ছে বা বিয়ের ঘটকালি করছে, নিমন্ত্রিত ব্যক্তি ইত্যাদি। উপরিউক্ত সবার ক্ষেত্রেই সশ্রম কারাদন্ড দু বছর পর্যন্ত এবং একলাখ টাকা পর্যন্ত জরিমান অথবা উভয় হতে পারে।





# বাল্যবিবাহের কারণ

- লিঙ্গ বৈষম্য
- দারিদ্র্য
- কন্যাসন্তানের মাতা  পিতার দায়মুক্ত হওয়া
- সামাজিক নিরাপত্তাহীনতা
- শিক্ষা ও সচেতনতার অভাব
- মেয়ে শিশুর প্রতি অবহেলা বা তাকে বোঝা মনে করা
- অভিভাবকহীন / মাতৃহীন  কন্যার বিয়ে দেওয়ার প্রবণতা
- বিদ্যালয় ছুট হয়ে যাওয়া
- বিবাহ আইন সম্পর্কে সচেতনতার অভাব
- বাল্যবিবাহ নিরোধ আইনের যথাযথ প্রয়োগ না হওয়া
- সামাজিক ঔদাসীন্য
- প্রচলিত সামাজিক প্রথা ও কুসংস্কার
- সিদ্ধান্ত গ্রহনে ভুমিকার অভাব
- পাচারের উদ্দেশ্য

# বাল্যবিবাহের ফলাফল



- ▶শৈশবের সমাপ্তি
- ▶ দক্ষতা লাভ ও উপার্জনের সুযোগের সংকোচন
- ▶ শিক্ষার সুযোগের সংকোচন
- ▶ যৌন রোগ
- ▶ দীর্ঘস্থায়ী অসুস্থতা
- ▶ যৌন নিগ্রহ
- ▶ বার বার অসুস্থ হয়ে পড়া
- ▶ কিশোরী মায়ের মৃত্যু
- ▶ অপুষ্ট শিশুর জন্ম এবং মৃত্যু
- ▶ পারিবারিক অত্যাচার
- ▶ মানসিক চাপ
- ▶ অকাল মৃত্যু
- ▶ ভঙ্গুর পরিবার

# বাল্যবিবাহ দেওয়ার লক্ষে কিছু কু-সংস্কার ও ভ্রান্ত ধারণা

- অল্প বয়সে বিয়ে হলে পণ কম লাগে..
- বেশী বয়সে মেয়ের লাবন্য কমে যাবে..
- তাড়াতাড়ি বিদায় দিতে পারলেই শান্তি ...
- কম বয়সে বিয়ে দিলে শ্বশুর বাড়িতে ভালো মানিয়ে নিতে পারবে .. কাঁচা বাঁশকে নোয়ানো সহজ..
- পরিবারের বরিষ্ঠ সদস্যদের "বিয়ে দেখে যাওয়ার ইচ্ছা"-র শিকার
- ছেলের বাড়িতে বিনা বেতনে কাজের লোক..
- অল্প বয়সে মা হলে সন্তান কে "বড়" করে দেওয়ার প্রলোভন
- মেয়ে তো আর ছেলের মতো বংশের বাহক নয় !
- বাল্যবিবাহ নামক কুপ্রথার "সংক্রমণের স্বীকার"









# বীরভূম জেলায় “নথিভুক্ত বাল্য বিবাহের তথ্য”এর পরিসংখ্যান

| | Birbhum Health District (A) | | | | | | | | | | | | Rampurhat Health District (B) | | | | | | | | | District Total |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Report Period April-2024 to November 2024 | Bolpur Sriniketan & BOLPUR Urban | Dubrajpur & Dubrajpur Urban | Illambazar | Khoyrasol | Labpur | Mohammad Bazar | Nanoor | Rajnagar | Sainthia& Sainthia Urban | Suri - I & Suri Urban | Suri - II | Birbhum Health District Total | Mayureswar - I | Mayureswar - II | Murarai - I | Murarai - II | Nalhati - I & Nalhati Urban | Nalhati - II | Rampurhat - I & Rampurhat Urban | Rampurhat - II | Rampurhat Health District Total | Birbhum Health District Total (A) + Rampurhat Health District Total (B) |
| Child Marriage Reported Data | 31 | 12 | 21 | 2 | 18 | 1 | 39 | 2 | 13 | 4 | 7 | **150** | 3 | 2 | 2 | 1 | 5 | 5 | 3 | 6 | **27** | **177** |

# বীরভূম জেলার কিশোরী গর্ভাবস্থার পরিসংখ্যান

| | Birbhum Health District (A) | | | | | | | | | | | | Rampurhat Health District (B) | | | | | | | | | District Total |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Report Period **April-2024 to August 2024** | Bolpur Sriniketan & BOLPUR Urban | Dubrajpur & Dubrajpur Urban | Illambazar | Khoyrasol | Labpur | Mohammad Bazar | Nanoor | Rajnagar | Sainthia& Sainthia Urban | Suri - I & Suri Urban | Suri - II | Birbhum Health District Total | Mayureswar - I | Mayureswar - II | Murarai - I | Murarai - II | Nalhati - I & Nalhati Urban | Nalhati - II | Rampurhat - I & Rampurhat Urban | Rampurhat - II | Rampurhat Health District Total | **Birbhum Health District Total (A) + Rampurhat Health District Total (B)** |
| Total number of NEW Pregnant Women registered for ANC | 1859 | 1728 | 1390 | 1106 | 1290 | 1352 | 1486 | 522 | 1507 | 1289 | 605 | 14134 | 1146 | 851 | 2316 | 2615 | 2290 | 1184 | 1597 | 1429 | 13428 | 27562 |
| Out of total number of NEW Pregnant Women registered with age <15 years | 1 | 7 | 10 | 4 | 10 | 16 | 8 | 1 | 24 | 5 | 4 | 90 | 14 | 4 | 7 | 14 | 11 | 1 | 14 | 4 | 69 | 159 |
| Out of total number of NEW Pregnant Women registered with age 15-19 years | 189 | 338 | 256 | 269 | 302 | 307 | 271 | 93 | 297 | 243 | 103 | 2668 | 306 | 185 | 465 | 611 | 490 | 294 | 340 | 339 | 3030 | 5698 |
| Teen age Pregnancy (Total) | 190 | 345 | 266 | 273 | 312 | 323 | 279 | 94 | 321 | 248 | 107 | **2758** | 320 | 189 | 472 | 625 | 501 | 295 | 354 | 343 | **3099** | **5857** |
| Teenage Pregnancy % | **10.22 %** | **19.97 %** | **19.14 %** | **24.68 %** | **24.19 %** | **23.89 %** | **18.78 %** | **18.01 %** | **21.30 %** | **19.24 %** | **17.69 %** | **19.51 %** | **27.92 %** | **22.21 %** | **20.38 %** | **23.90 %** | **21.88 %** | **24.92 %** | **22.17 %** | **24.00 %** | **23.08 %** | **21.25 %** |



# Reporting Gap Analysis

## বাল্যবিবাহের বিষয়ে রিপোর্ট এবং কিশোরী গর্ভাবতী

## রিপোর্টিং গ্যাপ বিশ্লেষণ

| District | Health District | Sub- Division | Block | Child Marriage Reported Apr - 2024 to Nov-2024<br>বাল্যবিবাহের বিষয়ে রিপোর্ট হয়েছে<br>A | Teenage Pregnancy Reported Apr-2024 to Aug 2024<br>কিশোরী গর্ভাবতী হয়েছে<br>B | Child Marriage Reporting Gap (Minimum)<br>যে বাল্য বিবাহের খবরই পাওয়া যাইনি (সর্বনিম্ন)<br>C | Child Marriage Reporting Gap % (Minimum)<br>বাল্য বিবাহের খবর না পওয়ার শতকরা<br>D |
|---|---|---|---|---|---|---|---|
| Birbhum | Birbhum | Bolpur | Bolpur Sriniketan & Bolpur Urban | 31 | 190 | 159 | 83.68% |
| | | | Illambazar | 21 | 266 | 245 | 92.11% |
| | | | Labpur | 18 | 312 | 294 | 94.23% |
| | | | Nanoor | 39 | 279 | 240 | 86.02% |
| | | Suri- Sadar | Dubrajpur & Dubrajpur Urban | 12 | 345 | 333 | 96.52% |
| | | | Khoyrasol | 2 | 273 | 271 | 99.27% |
| | | | Mohammad Bazar | 1 | 323 | 322 | 99.69% |
| | | | Rajnagar | 2 | 94 | 92 | 97.87% |
| | | | Sainthia& Sainthia Urban | 13 | 321 | 308 | 95.95% |
| | | | Suri - I & Suri Urban | 4 | 248 | 244 | 98.39% |
| | | | Suri - II | 7 | 107 | 100 | 93.46% |
| | Rampurhat | Rampurhat | Mayureswar - I | 3 | 320 | 317 | 99.06% |
| | | | Mayureswar - II | 2 | 189 | 187 | 98.94% |
| | | | Murarai - I | 2 | 472 | 470 | 99.58% |
| | | | Murarai - II | 1 | 625 | 624 | 99.84% |
| | | | Nalhati - I & Nalhati Urban | 5 | 501 | 496 | 99.00% |
| | | | Nalhati - II | 5 | 295 | 290 | 98.31% |
| | | | Rampurhat - I & Rampurhat Urban | 3 | 354 | 351 | 99.15% |
| | | | Rampurhat - II | 6 | 343 | 337 | 98.25% |
| | | | | 177 | 5857 | 5680 | 96.98% |




বীরভূম জেলায়


# বাল্যবিবাহ, শিশুশ্রম, শিশু পাচার এবং কিশোরী গর্ভাবস্থা সম্পর্কিত

সমস্যাগুলি প্রতিরোধের জন্য

# রোড ম্যাপ

**লক্ষ্য:** সক্রিয় শনাক্তকরণ, শক্তিশালী হস্তক্ষেপ, কার্যকর পুনর্বাসন, অর্থনৈতিক ক্ষমতায়ন এবং ক্রমাগত পর্যবেক্ষণের মাধ্যমে বাল্যবিবাহের কুপ্রথা, শিশুশ্রম, শিশু পাচার এবং কিশোরী গর্ভাবস্থা থেকে মুক্ত করে শিশু ও কিশোর-কিশোরীদের জন্য একটি নিরাপদ সমাজ তৈরি করা।

# বাল্যবিবাহ বনাম কিশোরী গর্ভাবতী



## বীরভূম জেলায় বাল্যবিবাহ, শিশুশ্রম, শিশু পাচার এবং কিশোরী গর্ভাবস্থা সম্পর্কিত সমস্যাগুলি

# প্রতিরোধের জন্য রোড ম্যাপ






### সনাক্তকরণ
**Identification**

- বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষা কর্মী
- আশা কর্মী
- অঙ্গনওয়াড়ি কর্মীরা
- স্বনির্ভর গোষ্ঠী
- শিশু সুরক্ষা কমিটি
- স্থানীয় এন.জি.ও
- চাইল্ড হেল্পলাইন-১০৯৮
- ব্লক প্রশাসন

**প্রধান সনাক্তকারী**

### হস্তক্ষেপ
**Intervention**

- পুলিশ
- পার্শ্ব আইনি সহায়ক
- চাইল্ড হেল্পলাইন-১০৯৮
- এন.জি.ও
- শিশু সুরক্ষা কমিটি
- সি.ডি.পি.ও.
- ব্লক প্রশাসন

**প্রধান হস্তক্ষেপকারী**

### পুনর্বাসন
**Rehabilitation**

- শিশু সুরক্ষা কমিটি
- শেল্টার হোমস
- ফস্টার কেয়ার
- অন্বেষা ক্লিনিক

**প্রধান অংশীদার**

### সামাজিক ও মানসিক পুনর্বাসন
**Social & Mental Rehabilitation**

**কৌশল**

- কাউন্সেলিং
- কমিউনিটি ইন্টিগ্রেশন
- বৃত্তিমূলক প্রশিক্ষণ
- শিক্ষা
- দক্ষতা উন্নয়ন

### অর্থনৈতিক পুনর্বাসন
**Economic Rehabilitation**

- সরকারী স্কিমের সাথে সংযোগ
- আর্থিক সহায়তা
- জীবিকার সুযোগ

**কৌশল**

### ফলো-আপ এবং মনিটরিং
**Follow-Up and Monitoring**

- CMRTS পোর্টাল
- পর্যায়ক্রমিক পর্যালোচনা
- কমিউনিটি বেস মনিটরিং
- তৃতীয় পক্ষ দ্বারা সামাজিক অডিট
- জেলা-স্তরের পর্যালোচনা মিটিং

**মেকানিজম ও টুলস**

*আসুন সবাই মিলে, বাল্যবিবাহ বন্ধ করি*

জেলা শাসকের করণ
জেলা শিশু সুরক্ষা ইউনিট, বীরভূম

সনাক্তকরণ
Identification

- বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষা কর্মী
- আশা কর্মী
- অঙ্গনওয়াড়ি কর্মীরা
- স্বনির্ভর গোষ্ঠী
- শিশু সুরক্ষা কমিটি
- স্থানীয় এন.জি.ও
- চাইল্ড হেল্পলাইন-১০৯৮
- ব্লক প্রশাসন

প্রধান সনাক্তকারী

উদ্দেশ্য: বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা দুর্বল শিশু এবং পরিবারগুলির প্রাথমিক সনাক্তকরণ।

## প্রধান সনাক্তকারী :

### বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষা কর্মী:

- শিক্ষক এবং স্কুলের কর্মীরা আচরণগত পর্যবেক্ষণ, অনুপস্থিতির ধরণ এবং পরিবারের সাথে কথাবলার মাধ্যমে ঝুঁকিপূর্ণ শিক্ষার্থীদের সনাক্ত করা।
- ঝুঁকি শনাক্ত হলে শিশু সুরক্ষা কমিটি (CPCs), ব্লক কর্তৃপক্ষ বা চাইল্ড হেল্পলাইন (1098) এর মতো কর্তৃপক্ষকে অবহিত করার জন্য স্কুলগুলির একটি রিপোর্টিং সিস্টেমের ব্যবস্থা করা।
- স্বাস্থ্য, শিক্ষা এবং অধিকারের উপর বাল্যবিবাহের বিরূপ প্রভাব সম্পর্কে ছাত্র, অভিভাবক এবং সম্প্রদায়ের জন্য নিয়মিত সচেতনতা তৈরী করা ।
- অভিভাবক ও শিক্ষক সভা, বিশেষ দিবস উদযাপন ইত্যাদি প্ল্যাটফর্মগুলি ব্যবহার করে বাল্যবিবাহ নিষেধাজ্ঞা আইন, 2006 সম্পর্কে সচেতন করা।
- বাল্যবিবাহের জন্য স্কুল ছুট একটি প্রধান ঝুঁকির কারণ। স্কুল ছুট কমাতে নিয়মিত উপস্থিতি এবং স্কুল কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণকে উৎসাহিত করুন। এছাড়াও, আত্মবিশ্বাস, সিদ্ধান্ত গ্রহণ এবং লিঙ্গ সমতাকে কেন্দ্র করে পাঠ্যক্রমের মধ্যে জীবন শৈলী শিক্ষা অন্তর্ভুক্ত করুন।
- কন্যাশ্রী প্রকল্পে কে-১ থেকে কে-১ রিনুয়্যাল অথবা কে-২ আপগ্রেট হওয়ার ক্ষেত্রে যারা অনুপস্থিত তাদেরকে সনাক্ত করা।
- পশ্চিমবঙ্গ সরকারের কন্যাশ্রী প্রকল্পের অধীনে “কন্যাশ্রী ক্লাব” কিশোরী ক্ষমতায়ন এবং বাল্যবিবাহ প্রতিরোধের জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। কন্যাশ্রী ক্লাবের নিয়মিত মাসিক মিটিং নিশ্চিত করা এবং মাসিক কার্যকলাপের ক্যালেন্ডার অনুসরণ করে কিশোরী মেয়েদের শিক্ষার প্রচার এবং সচেতন করা।

সনাক্তকরণ
Identification

- বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষা কর্মী
- আশা কর্মী
- অঙ্গনওয়াড়ি কর্মীরা
- স্বনির্ভর গোষ্ঠী
- শিশু সুরক্ষা কমিটি
- স্থানীয় এন.জি.ও
- চাইল্ড হেল্পলাইন-১০৯৮
- ব্লক প্রশাসন

প্রধান সনাক্তকারী

## অঙ্গনওয়াড়ি এবং আশা কর্মী:

অঙ্গনওয়াড়ি এবং আশা কর্মীরা বাল্যবিবাহের ঘটনাগুলির প্রাথমিক সনাক্তকরণ এবং তাদের প্রতিরোধে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তৃণমূল স্তরে স্বাস্থ্য ও পুষ্টি কর্মী হিসাবে, তারা পরিবারের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখে, বিশেষ করে গ্রামীণ এলাকায়, তাদের বাড়িতে পরিদর্শন, স্বাস্থ্য পরীক্ষা এবং সামজিক যোগাযোগের মাধ্যমে ঝুঁকিপূর্ণ কিশোর-কিশোরীদের সনাক্ত করে। তারা স্কুল ড্রপআউট, কিশোরী গর্ভধারণ এবং পারিবারিক গতিশীলতার পরিবর্তনগুলি নিরীক্ষণ করতে পারে, যা প্রায়ই আসন্ন বাল্যবিবাহের সূচক। অঙ্গনওয়াড়ি কর্মীদের এইসব ভূমিকা বাল্যবিবাহ প্রতিরোধে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তারা সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে এবং শিশুদের উজ্জ্বল ভবিষ্যত নিশ্চিত করতে সহায়ক।

ASHAs এবং AWWs কমিউনিটি মিটিং এবং কাউন্সেলিং করার সময় বাল্যবিবাহের স্বাস্থ্য, আইনগত এবং সামাজিক পরিণতি সম্পর্কে সচেতনতা বাড়াতে পারে। তারা শিশু সুরক্ষা কমিটি (CPCs) এবং স্থানীয় কর্তৃপক্ষের কাছে সময়মত হস্তক্ষেপের সুবিধার্থে সন্দেহজনক খবর জানাবে।

## স্বনির্ভর গোষ্ঠী:

বীরভূমের স্বনির্ভর গোষ্ঠী গুলি (SHGs), শিশু-বান্ধব সংঘের (CFS) সহযোগিতায়, তাদের সামাজিক যোগাযোগ এবং অংশগ্রহণমূলক পদ্ধতির ব্যবহার করে বাল্যবিবাহ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তারা সভা, প্রচারাভিযান এবং সাংস্কৃতিক উদ্যোগের মাধ্যমে বাল্যবিবাহের বিরূপ প্রভাব, শিক্ষার গুরুত্ব এবং প্রাসঙ্গিক আইনি কাঠামো সম্পর্কে সচেতনতা বাড়াবে। এস.এইচ.জি ঝুঁকিপূর্ণ পরিবারগুলিকে চিহ্নিত করে, সামাজিক নজরদারি হিসাবে কাজ করবে।

## সনাক্তকরণ
## Identification

- বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষা কর্মী
- আশা কর্মী
- অঙ্গনওয়াড়ি কর্মীরা
- স্বনির্ভর গোষ্ঠী
- শিশু সুরক্ষা কমিটি
- স্থানীয় এন.জি.ও
- চাইল্ড হেল্পলাইন-১০৯৮
- ব্লক প্রশাসন

প্রধান সনাক্তকারী

## শিশু সুরক্ষা কমিটি :

সরকারী প্রতিনিধি, শিক্ষাবিদ, স্বাস্থ্য কর্মী এবং জনপ্রতনিধি সহ স্থানীয় স্টেকহোল্ডারদের সমন্বয়ে, CPCs দুর্বল পরিবার এবং ঝুঁকিপূর্ণ কিশোর-কিশোরীদের নিরীক্ষণ করতে পারে৷ তারা সক্রিয়ভাবে ঝুকিপূর্ণ দিক গুলি সনাক্ত করে যেমন স্কুল ড্রপআউট, শিশু শ্রম, বা আকস্মিক বিয়ের প্রস্তুতি ইত্যাদি। সি.পি.সি. বাল্যবিবাহের আইনগত, স্বাস্থ্য এবং সামাজিক প্রভাব সম্পর্কে সম্প্রদায়কে শিক্ষিত করার জন্য সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করবে৷ স্থানীয় কর্তৃপক্ষ, পুলিশ এবং কল্যাণমূলক প্রকল্পগুলির সাথে সমন্বয় করে, CPCs সময়মত হস্তক্ষেপ, উদ্ধার প্রচেষ্টা এবং বাল্য বিবাহের বিরুদ্ধে একটি সুরক্ষামূলক পরিবেশ গড়ে তুলবে৷

## স্থানীয় এন.জি.ও:

স্থানীয় এনজিও গুলি তাদের সমাজের তৃণমূল স্তরে উপস্থিতি ও মানুষের আস্থা অর্জন করে বাল্যবিবাহ চিহ্নিতকরণ ও প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে৷ তারা বাল্যবিবাহের আইনি, সামাজিক এবং স্বাস্থ্যগত পরিণতি সম্পর্কে পরিবার এবং সম্প্রদায়কে শিক্ষিত করার জন্য সচেতনতামূলক প্রচার চালাতে পারে৷ এনজিওগুলি চাইল্ড প্রোটেকশন কমিটি (CPCs) এর সাথে সহযোগিতার মাধ্যমে ঝুঁকিপূর্ণ শিশুদের সনাক্ত করবে৷ তারা পরিবারকে কাউন্সেলিং প্রদান করে, শিক্ষার পক্ষে পরামর্শ দেবে।

এনজিওগুলি সম্প্রদায় এবং কর্তৃপক্ষের মধ্যে সেতু হিসাবে কাজ করতে পারে, কেস রিপোর্ট করতে, উদ্ধার কার্যে সাহায্য করতে পারে এবং পরিবারগুলিকে কল্যাণমূলক প্রকল্প এবং সহায়তা পরিষেবাগুলির সাথে সংযুক্ত করতে পারে৷

# সনাক্তকরণ
## Identification

- বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষা কর্মী
- আশা কর্মী
- অঙ্গনওয়াড়ি কর্মীরা
- স্বনির্ভর গোষ্ঠী
- শিশু সুরক্ষা কমিটি
- স্থানীয় এন.জি.ও
- চাইল্ড হেল্পলাইন-১০৯৮
- ব্লক প্রশাসন


প্রধান সনাক্তকারী

## চাইল্ড হেল্পলাইন-১০৯৮:

চাইল্ড হেল্পলাইন (1098) হল একটি গুরুত্বপূর্ণ দেশব্যাপী পরিষেবা যা বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা শিশু এবং যেকোনো সমস্যায় থাকা শিশুদের সুরক্ষার জন্য বদ্ধপরিকর। এটি একটি ২৪ ঘন্টা নিশুল্ক পরিষেবা। যা শিশুর গোপনীয়তার সঙ্গে বাল্যবিবাহ রোধ এবং তার সমস্যার সমাধান করা হয়। জেলা শাসকের তত্ত্বাবধানে বীরভূম জেলা চাইল্ড হেল্পলাইন শিশুদের সমস্ত রকম নির্যাতন, শোষণ ও বাল্যবিবাহ রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং জেলা স্তরে বাল্যবিবাহ রিপোর্টিং ট্র্যাকিং সিস্টেম (CMRTS) পোর্টালে ডাটা নথিভুক্ত করে।

## ব্লক প্রশাসন :

ব্লক কর্তৃপক্ষ বাল্যবিবাহের ঘটনা সনাক্তকরণ ও সমাধানের জন্য প্রধান ও গুরুত্বপুর্ণ পরিকাঠামো। ব্লক প্রশাসন উচ্চ-ঝুঁকিপূর্ণ পরিবার এবং কিশোর-কিশোরীদের একটি ডাটাবেস রক্ষণাবেক্ষণ করে, বাল্যবিবাহ রিপোর্টিং এবং ট্র্যাকিং সিস্টেম (CMRTS) এ বাল্যবিবাহের ফলোআপ এবং হোম ভিজিটের ডাটা গুলি নথিভিক্ত করে এবং বিভিন্ন সময়ে কেসগুলি নিরীক্ষণ এবং ট্র্যাক করে। সি.পি.সি., স্কুল, স্বাস্থ্যসেবা কর্মী এবং এনজিওগুলির সাথে সমন্বয় করে, ব্লক কর্তৃপক্ষ সম্ভাব্য কেস শনাক্ত করতে এবং দ্রুত হস্তক্ষেপ নিশ্চিত করতে পারে। তারা অগ্রগতি মূল্যায়ন করার জন্য নিয়মিত ব্লক-স্তরের পর্যালোচনার আয়োজন করে বাল্যবিবাহ বিরোধী প্রচারকে আরও শক্তিশালী করে। দুর্বল পরিবারগুলিকে সরকারি স্কিম এবং সংস্থানগুলির সাথে সংযুক্ত করে, ব্লক কর্তৃপক্ষ দীর্ঘমেয়াদী প্রতিরোধ প্রচেষ্টা এবং ঝুঁকিপূর্ণ শিশুদের ক্ষমতায়নে অবদান রাখতে পারে।




**উদ্দেশ্য:** বাল্যবিবাহ প্রতিরোধে সময়োপযোগী এবং কার্যকর পদক্ষেপ।

## প্রধান হস্তক্ষেপকারী :

## ব্লক প্রশাসন এবং চাইল্ড ডেভেলাপমেন্ট প্রজেক্ট অফিস :

### আইন প্রয়োগকারী সহায়তা:

▶ নিয়মিত পরিদর্শন এবং ফলোআপের মাধ্যমে বাল্যবিবাহ নিষেধাজ্ঞা আইন, 2006 এর কঠোর প্রয়োগ নিশ্চিত করে।

### সমন্বয় সভা:

▶ অগ্রগতি নিরীক্ষণ এবং চ্যালেঞ্জ মোকাবেলায় পুলিশ, CPC, স্কুল, স্বাস্থ্যকর্মী এবং এনজিওগুলির সাথে মাসিক সমন্বয় সভা পরিচালনা করে।

### ডাটাবেস রক্ষণাবেক্ষণ::

▶ লক্ষ্যযুক্ত হস্তক্ষেপের জন্য উচ্চ-ঝুঁকিপূর্ণ পরিবার এবং দুর্বল কিশোর-কিশোরীদের একটি ডাটাবেস বজায় রাখে এবং আপডেট করে।

▶ CMRTS পোর্টালে ফলোআপ ও হম ভিজিট রিপোর্ট আপডেট করে।

## চাইল্ড হেল্পলাইন ১০৯৮/ (CHL) 1098

▶ বাল্য বিবাহের ক্ষেত্রে দ্রুত এবং নির্ভরযোগ্য রিপোর্টিং প্রক্রিয়া হিসাবে কাজ করার জন্য চাইল্ডলাইন 1098 এর কার্যকারিতাকে শক্তিশালী করে।

▶ অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশ, সিপিসি এবং এনজিওগুলির সাথে CHL-কে সংযুক্ত করতে একটি রেফারেল নেটওয়ার্ক তৈরি করে

▶ রিপোর্টিংকে উৎসাহিত করার জন্য স্কুল, গ্রাম এবং সম্প্রদায়ের সমাবেশে হেল্পলাইন সম্পর্কে সচেতনতামূলক অভিযান পরিচালনা করে।

**হস্তক্ষেপ**
**Intervention**

- পুলিশ
- পার্শ্ব আইনি সহায়ক
- চাইল্ড হেল্পলাইন-১০৯৮
- এন.জি.ও
- শিশু সুরক্ষা কমিটি
- সি.ডি,পি,ও.
- ব্লক প্রশাসন

**প্রধান হস্তক্ষেপকারী**

**উদ্দেশ্য:** বাল্যবিবাহ প্রতিরোধে সময়োপযোগী এবং কার্যকর পদক্ষেপ।

## প্রধান হস্তক্ষেপকারী :

## পুলিশ এবং পার্শ্ব আইনি সহায়ক (প্যারা-লিগ্যাল ভলান্টিয়ার্স ):

### ক্যাপাসিটি বিল্ডিং:

- সংবেদনশীলতার সাথে এবং বাল্যবিবাহ নিষেধাজ্ঞা আইন, 2006 এর অধীনে আইনি বিধানগুলি মেনে চলার জন্য পুলিশ কর্মীদের এবং পি.এল.ভি.দের জন্য বিশেষ প্রশিক্ষণ পরিচালনা করা।
- উদ্ধার ও আইনি হস্তক্ষেপের সময় শিশু-বান্ধব যোগাযোগ, সাইকোলজিকেল কাউন্সিলিং বিষয়ক ইনফরমেশন দেওয়া।

### র‍্যাপিড রেসপন্স মেকানিজম :

- আসন্ন বাল্যবিবাহের ক্ষেত্রে হস্তক্ষেপ করার জন্য পুলিশ, পিএলভি এবং সি.পি.সি. সদস্যদের সমন্বয়ে ব্লক স্তরে দ্রুত ব্যবস্থা গ্রহনের জন্য র‍্যাপিড রেসপন্স টিম গঠন করা।
- তাৎক্ষণিক পদক্ষেপের জন্য একটি 24/7 হেল্পলাইন, হোয়াটস এপ গ্রুপ এবং সমন্বয় ব্যবস্থা নিশ্চিত করা।

## এনজিও এবং শিশু সুরক্ষা কমিটি (CPCs) :

### অ্যাডভোকেসি এবং প্রচার:

- শিক্ষা, স্বাস্থ্য, এবং অধিকারের উপর বাল্যবিবাহের বিরূপ প্রভাব বিষয়ক সামাজিক সচেতনতামূলক কর্মসূচী সংগঠিত করা।
- পথ নাটক, পোস্টার এবং এডোলেসন্ট গ্রুপের মাধ্যমে সামাজিক সমস্যাগুলির বার্তা পৌছে দেওয়া।

### অভিযোগ প্রক্রিয়া:

- যে কোনো মানুষই অভিযোগ করতে পারবে এবং তার / তাদের নাম গোপনীয়তার সঙ্গে রক্ষা করা হবে।

পুনর্বাসন
Rehabilitation

- শিশু সুরক্ষা কমিটি
- শেল্টার হোমস
- ফস্টার কেয়ার
- অন্বেষা ক্লিনিক

প্রধান অংশীদার

উদ্দেশ্য: উদ্ধারকৃত শিশুদের সমাজের মূল স্রোতে পুনরায় ফিরিয়ে আনা এবং যত্ন প্রদানে সহায়তা করা।

## প্রধান অংশীদার :

## শিশু কল্যাণ কমিটি (CWC):

### উদ্ধার এবং সুরক্ষা:

▶ রিপোর্ট করা মাত্র সময়মত হস্তক্ষেপ নিশ্চিত করা , উদ্ধারকৃত শিশুদের আইনি সুরক্ষা এবং মেন্টাল সাপোর্ট প্রদান করা।

### মূল্যায়ন এবং স্থান নির্ধারণ:

▶ শিশুদের চাহিদাগুলি বোঝার জন্য বিশদ মূল্যায়ন করে ,তাদের উপযুক্ত যত্ন, সুরক্ষা ও আশ্রয়ের ব্যবস্থা করা।

## শেল্টার হোম এবং ফস্টার কেয়ার:

### নিরাপদ স্থান:

▶ শিশুদের ট্রমা থেকে পুনরুদ্ধার করতে সাহায্য করার জন্য অবিলম্বে আশ্রয়, চিকিৎসা যত্ন এবং মনস্তাত্ত্বিক পরামর্শ প্রদান করা।

### শিক্ষা ও পরিচর্যা পরিকল্পনা:

▶ প্রথাগত শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষনের মাধ্যমে স্বনির্ভর করে তোলা।



পুনর্বাসন
Rehabilitation

- শিশু সুরক্ষা কমিটি
- শেল্টার হোমস
- ফস্টার কেয়ার
- অন্বেষা ক্লিনিক

প্রধান অংশীদার

## অন্বেষা ক্লিনিক:

### কাউন্সেলিং ও সহায়তা:

▶ যারা বাল্যবিবাহের শিকার হতে পারেন, তাদের জন্য মানসিক সহায়তা ও পরামর্শ সেবা প্রদান করা হয়। এছাড়াও, পরিবারের সদস্যদের জন্যও কাউন্সেলিং সেবা প্রদান করা হয়। বয়:সন্ধি বিষয়ক পরামর্শ প্রদান করা হয়।

### আইনগত সহায়তা:

▶ বাল্যবিবাহ প্রতিরোধে আইন সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করে এবং আইনগত প্রক্রিয়া সম্পর্কে তথ্য দেয়।

### স্বাস্থ্য সেবা:

▶ যারা বাল্যবিবাহের শিকার হয়েছেন, তাদের জন্য স্বাস্থ্য সেবা প্রদান করা হয়, যাতে তারা শারীরিক ও মানসিক ভাবে সুস্থ থাকতে পারেন।




# পুনর্বাসন কৌশল

## সামাজিক ও মানসিক পুনর্বাসন:

- কাউন্সেলিং
- কমিউনিটি ইন্টিগ্রেশন
- শিক্ষা
- দক্ষতা উন্নয়ন

## অর্থনৈতিক পুনর্বাসন :

- সরকারী স্কিমের সাথে সংযোগ- কন্যাশ্রী প্রকল্প (শিক্ষা বৃত্তি) এবং রূপশ্রী প্রকল্প (আইনি-বয়স বিবাহের জন্য আর্থিক সহায়তা) এর মতো যোগ্য পরিবার এবং কিশোর-কিশোরীদের সরকারী প্রকল্পগুলির সুবিধা সুনিশ্চিত করা।
- আর্থিক সহায়তা- নিরবচ্ছিন্ন শিক্ষা এবং উচ্চ শিক্ষায় প্রবেশাধিকার নিশ্চিত করতে উদ্ধারকৃত শিশুদের অতিরিক্ত আর্থিক সহায়তা প্রদান।
- বৃত্তিমূলক প্রশিক্ষণ- এন.জি.ও, স্বনির্ভর গোষ্ঠী এবং বৃত্তিমূলক প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্বের মাধ্যমে কিশোর-কিশোরীদের এবং তাদের পরিবারকে উৎকর্ষ বাংলার প্রকল্পের মাধ্যমে দক্ষতা-ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা।
- জীবিকার সুযোগ- ঝুঁকিপূর্ণ পরিবারগুলির জন্য ছোট আকারের ব্যবসা এবং উদ্যোক্তা কর্মসূচি প্রতিষ্ঠা করতে SHG এবং স্থানীয় ব্লকের সাথে যোগ স্থাপন করা।

## ফলো-আপ এবং মনিটরিং

**Follow-Up and Monitoring**

- CMRTS পোর্টাল
- পর্যায়ক্রমিক পর্যালোচনা
- কমিউনিটি বেস মনিটরিং
- তৃতীয় পক্ষ দ্বারা সামাজিক অডিট
- জেলা-স্তরের পর্যালোচনা মিটিং

**মেকানিজম ও টুলস**

**উদ্দেশ্য:** সামঞ্জস্যপূর্ণ মূল্যায়ন এবং পর্যায়ক্রমিক পর্যালোচনার মাধ্যমে প্রভাব বজায় রাখা।

## টুলস এবং মেকানিজম:

### CMRTS পোর্টাল (বাল্য বিবাহ রিপোর্টিং এবং ট্র্যাকিং সিস্টেম)

- ▶ বাল্যবিবাহের ঘটনা এবং প্রবণতাগুলির রিয়েল-টাইম ট্র্যাকিং সক্ষম করতে সময়মত এবং সঠিক ডেটা এন্ট্রি নিশ্চিত করা।
- ▶ পোর্টালের ডাটা অনুযায়ী উচ্চ-ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করে, হস্তক্ষেপ ও ফলাফল মূল্যায়ন বিশ্লেষণ করতে হবে।

### পর্যায়ক্রমিক পর্যালোচনা:

- ▶ অগ্রগতি, মূল্যায়ন এবং ফাঁকগুলি সমাধান করতে সি.পি.সি, পুলিশ, সি.ডি.পি.ও, এনজিও এবং স্বাস্থ্যকর্মী সহ সমস্ত স্টেকহোল্ডারদের সাথে প্রতি মাসে ব্লক-স্তরের পর্যালোচনা বৈঠকের আয়োজন করতে হবে।

### সম্প্রদায়-ভিত্তিক পর্যবেক্ষণ:

- ▶ ঝুঁকিপূর্ণ পরিবার এবং সম্প্রদায়ের সাথে নিয়মিত ফলো-আপ পরিচালনা করতে SHG, CPC এবং কিশোর-কিশোরী ও সমবয়সীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।

### জেলা-স্তরের পর্যালোচনা সভা:

- ▶ প্রয়োজন ও পরিস্থিতি অনুযায়ী অগ্রগতি এবং কৌশল বিকাশের জন্য জেলায় নিয়মিত পর্যালোচনা সভা আয়োজন করা।




# প্রতিরোধে অভিভাবকের ঘোষণাপত্র

জেলা শাসকের করণ, বীরভূম

**চাইল্ড হেল্প লাইন – ১০৯৮**

মাননীয় / মাননীয়া,
জেলাশাসক
বীরভূম জেলা সিউড়ী, বীরভূম

কন্যা/পুত্রর ছবি

বিষয়: বাল্যবিবাহ স্থগিত রাখার অঙ্গীকার পত্র

মহাশয় / মহাশয়া,

আমি/আমরা.............................................................................................

গ্রাম/শহর.............................................................,পোস্ট অফিস...........................................................,

থানা...................................................,ব্লক/মিউনিসিপ্যালিটি ............................................................,

জেলা..................................................., আপনার নিকট অঙ্গীকার করছি যে আমার কন্যা ১৮(আঠেরো) বছর / পুত্র ২১ (একুশ) বছর বয়সের নীচে আমি তার বিয়ে দেব না।

আমি আরও অঙ্গীকার করছি যে, আমার কন্যা ১৮ (আঠেরো) / পুত্র ২১ (একুশ) বছর বয়স পর্যন্ত বিদ্যালয়ে / মহাবিদ্যালয়ে পড়াশুনা করাবো। আমার কন্যা/পুত্র বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলো-

কন্যা/পুত্রর নাম:.............................................................................................

কন্যা/পুত্রর জন্মতারিখ:.............................................................................................

বাল্যবিবাহ রোধ করার দিন পুত্র / কন্যার বয়স:.............................................................................

পুত্র/কন্যার বর্তনাম স্কুল ও ক্লাস:.............................................................................

আমি/আমরা জানি যে আমার কন্যা পাঠরতা থাকলে কন্যাশ্রী প্রকল্পের উপভোক্তা হিসাবে বছরে ১,০০০ টাকা (K1) ও এককালীন ২৫,০০০ টাকা (K2) পেয়ে থাকে ও বিবাহ যোগ্য বয়স হলে বিবাহের প্রকল্পে এককালীন ২৫,০০০ টাকা পাবে ।

যদি আমি আমার কন্যার ১৮ বছরের নিচে বা পুত্রের ২১ বছরের নিচে বিয়ে দিই তাহলে ভারতীয় দণ্ডবিধি বাল্য বিবাহ নিষিদ্ধকরণ আইন ২০০৬ (ধারা ৯/১০/১১), পণপ্রথা নিষিদ্ধকরণ আইন ১৯৬১ (ধারা ৩/৪) এবং পকসো আইন ২০১২ (ধারা ৪/৬/৮) অনুযায়ী জরিমানা অথবা জেল উভয়ই হতে পারে যাহা আমি মানতে বাধ্য থাকবো।

অঙ্গীকারবদ্ধ,

তারিখ:.................................... বিনীত / বিনীতা

মাতা পিতা/অবিভাবকের আধার নম্বর............................................... (মাতা পিতা/অবিভাবকের তারিখ সহ স্বাক্ষর)

মাতা পিতা/অবিভাবকের মোবাইল নম্বর...............................................

আমি উক্ত পরিবারের সঙ্গে...................................তারিখে সাক্ষাৎ করেছি এবং দেখেছি কন্যা/পুত্র বিবাহ যোগ্য বয়সের নীচে এখনও অবিবাহিত।

অঙ্গনওয়াড়ি কর্মী/ আশা কর্মী/ স্বনির্ভর গোষ্ঠীর সদস্যর তারিখ সহ স্বাক্ষর

আমি উক্ত পরিবারের সঙ্গে...................................তারিখে সাক্ষাৎ করেছি এবং এখনও কন্যা/পুত্র টি আমার বিদ্যালয়ে অবিবাহিত অবস্থায়.......................... শ্রেণীতে পাঠরত।

ভারপ্রাপ্ত শিক্ষক/ শিক্ষিকার তারিখ সহ স্বাক্ষর

বিদ্যালয়ে নাম ও ঠিকানা ..................................................................

---

- প্রতিমাসে অন্তত একবার এই অঙ্গীকার পত্র সাক্ষর করে সংশ্লিষ্ট ব্লকে জমা করতে হবে ও CMRTS পোর্টালে নথিভুক্ত করতে হবে।




# এখনই সময়-


**সবাই মিলে প্রতিজ্ঞাবদ্ধ হই-**


**"আমাদের বীরভূমে শিশুরা- বাল্যবিবাহ, শিশুশ্রম, শিশু পাচার এবং কিশোরী গর্ভাবস্থা থেকে সুরক্ষিত, শিক্ষা অর্জনের জন্য ক্ষমতাপ্রাপ্ত এবং উজ্জ্বল ভবিষ্যতের জন্য সজ্জিত হোক।"**


OINDRIGHOSH
(Dance Category)


PUSPITA BASURI
(Education Field)


ARATI HANSDA
(Sports)



NAJMA KHATUN
(Child Marriage Prevention)


KHADIJA KHATUN
(Child Marriage Prevention)


SUKHI LOHAR
(Child Marriage Prevention)


LAXMI MURMU
(Sports)


ARATI HANSDA
(Sports)


SUSAMA DAS
(Special Category)


SATHI DAS
(Child Marriage Prevention)


AJIJA KHATUN
(Research Field)

# আসুন সবাই মিলে, বাল্যবিবাহ বন্ধ করি

## বীরভূম জেলা প্রশাসন





ধন্যবাদান্তে,

**জেলা শিশু সুরক্ষা ইউনিট, বীরভূম**

প্রশাসন ভবন, তৃতীয় তলা, সিউড়ি, বীরভূম

ফোন নম্বর – ০৩৪৬২-২৫৫ ১৬৯, ইমেল -dcpo.birbhum@gmail.com